



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ  
[doict.sirajganj.gov.bd](http://doict.sirajganj.gov.bd)

স্মারক নং- ৫৬.০৪.৮৮০০.০০০.১৬.০০১.২০-২০

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৭  
০১ নভেম্বর ২০২০

বিষয়ঃ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাবের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ প্রসংগে।

সূত্রঃ ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২০-১৮৪; তারিখ ০৩ আগস্ট ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাশরুমের কম্পিউটার সামগ্রী যেমন - ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, স্ক্যানার, প্রজেক্টর, রাউটার, প্রিন্টার যন্ত্রাংশ কোভিড-১৯ মহামারির কারণে দীর্ঘদিন যাবত বন্ধ থাকায় সঠিকভাবে রক্ষণাবেক্ষণ হচ্ছে না। অনেকদিন যাবত ল্যাপটপসমূহ চালু না করার কারণে ল্যাপটপ সমূহের ব্যাটারীগুলো চার্জ না দেয়ার ফলে সেগুলো ক্ষতি বা নষ্ট হতে পারে।

এমতাবস্থায় করোনাকালীন সময়ে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের জন্য প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপগুলো ১০০% চার্জ দিতে হবে, সম্ভব হলে চার্জ দেয়ার পর ল্যাপটপগুলো ব্যবহার না করা হলে ব্যাটারীগুলো খুলে বায়ুরোধী প্লাস্টিকের থলিতে শুকনো জায়গায় সংরক্ষণ করতে হবে, কম্পিউটার ল্যাব এবং এর যন্ত্রাংশ সমূহ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে স্ব স্ব উপজেলার সহকারী প্রোগ্রামারগণের পরামর্শ নেয়া যেতে পারে।

স্বাক্ষরিত/-

০১/১১/২০২০

( আব্দুল্লাহ আল রহমান )

প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

জেলা কার্যালয়, সিরাজগঞ্জ।

মোবাইল: ০১৯১৬৫৮৭৩৯৯

ই-মেইল: doict.sirajganj@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

..... (সকল)

....., সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহা পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত মহা পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিরাজগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), সিরাজগঞ্জ।
- ৬। সহকারী প্রোগ্রামার, ..... (সকল), সিরাজগঞ্জ।
- ৭। অফিস কপি।